তারিখ 08 SEP 2016
পৃষ্ঠা ৮ কলাম ১

দৈনিক জনকণ্ঠ

# হামদর্দ পাবলিক কলেজে নবীনবরণ

মঙ্গলবার হামদর্দ পাবলিক কলেজে অনুষ্ঠিত হলো নবীনবরণ ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান। ২০১৬ সালের এইচএসসি পরীক্ষায় ১৪২ শিক্ষার্থী অংশগ্রহণ করে শতভাগ পাসসহ ৯৫ শিক্ষার্থী জিপিএ-৫ পাওয়ায় এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন।

কলেজ গবর্নিং বডির চেয়ারম্যান ও হামদর্দ বাংলাদেশ-এর সিনিয়র পরিচালক মার্কেটিং ড. হাকীম রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হামদর্দ পাবলিক কলেজের প্রতিষ্ঠাতা ও হামদর্দ ল্যাবরেটরিজ (ওয়াক্ফ) বাংলাদেশ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. হাকীম মোঃ ইউছুফ হারুন ভূঁইয়া।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন হামদর্দের পরিচালক প্রশাসন অধ্যাপক হাকীম শিরী ফরহাদ, পরিচালক হামদর্দ ফাউন্ডেশন লে. কর্নেল মাহবুবুল আলম চৌধুরী (অব) এবং মোতোয়ালি ও পরিচালক এইচ আর ডি ডাঃ নার্গিস মারজান শিল্পী। -বিজ্ঞপ্তি